



প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে গুম-শিকার পরিবারের সাক্ষাৎ



সংগৃহীত ছবি

মানবাধিকার সংগঠন ‘মায়ের ডাক’ এর গুম ও খুনের শিকার পরিবারের সদস্যরা প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন।

রোববার (১৮ জুন) সন্ধ্যায় জাতীয় সংসদ ভবনের অধিবেশন কক্ষের বাইরে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

এর আগে প্রধানমন্ত্রীর আমন্ত্রণে সংগঠনটির ২৬ জন সদস্য নতুন অর্থবছর ২০২৬-২০২৭ সালের জাতীয় বাজেট অধিবেশন সরাসরি প্রত্যক্ষ করেন। দুপুরে তারা জাতীয় সংসদের বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সী আব্দুর রউফ গ্যালারিতে বসে বাজেট অধিবেশনের কার্যক্রম দেখেন।

বর্তমানে সংসদে ত্রয়োদশ জাতীয় সংসদের বাজেট অধিবেশন চলছে। অধিবেশনে সভাপতিত্ব করছেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল, আর সংসদ নেতা হিসেবে উপস্থিত আছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

প্রস্তাবিত বাজেটকে ‘গণতান্ত্রিক, মানবিক ও অন্তর্ভুক্তিমূলক অর্থনীতির অভিযাত্রা’ শীর্ষক স্লোগানে উপস্থাপন করা হয়েছে।

